

# জাবি ভর্তি পরীক্ষা: রবিবার থেকে শুরু, নিরাপত্তা ব্যবস্থা জোরদার

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ২০:২৮, ৮ ফেব্রুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা রবিবার (০৯ ফেব্রুয়ারি) শুরু হয়ে চলবে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে প্রশাসন।



শনিবার (০৮ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে চারটায় বিশ্ববিদ্যালয়ের পুরাতন প্রশাসনিক ভবনে আয়োজিত এক সভায় ভর্তি পরীক্ষা শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তা কমিটির আহ্বায়ক প্রক্টর অধ্যাপক এ কে এম রাশিদুল আলম এ তথ্য জানান।

প্রক্টর জানান, পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয়ের আইনশৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও স্বাভাবিক রাখতে ভর্তি পরীক্ষা শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তা কমিটি ব্যাপক প্রস্তুতি নিয়েছে। ঢাকা-আরিচা মহাসড়কে নিরাপত্তা জোরদারে রাতে পুলিশ টহলের ব্যবস্থা করা হয়েছে। যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে আমরা সবার সহযোগিতা চাই।

তিনি আরও জানান, সার্বিক নিরাপত্তা দিতে প্রক্টরিয়াল বডি'র সঙ্গে ১৫০ জন পোশাকধারী সশস্ত্র ও সাদা পোশাকধারী পুলিশ ফোর্স এবং অতিরিক্ত ৬০ জন আনসার সদস্য ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে দায়িত্ব পালন করবেন। ভর্তিচ্ছুদের সহায়তায় বিভিন্ন কেন্দ্রগুলোতে ১২০ জন বিএনসিসি ও রোভার স্কাউট সদস্য শৃঙ্খলার দায়িত্বে থাকবেন। বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক (ডেইরি গেট), জয়বাংলা ফটক (প্রান্তিক গেট) ও বিশমাইল ফটক সংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়কে ট্র্যাফিক পুলিশের ব্যবস্থা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। পরীক্ষা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ স্থান সমূহে ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসিটিভি) চালু রাখা হয়েছে।

এক কেন্দ্র থেকে আরেক কেন্দ্রে চলাচলের বিষয়ে বলেন, ভর্তি পরীক্ষা চলার সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পায়ে চালিত রিকশা চলাচল করতে পারবে। ইতোমধ্যে ৩২০ জনের অধিক রিকশাওয়ালাকে ইউনিফর্ম প্রদান করা হয়েছে। তবে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার থেকে প্রধান ফটক (ডেইরি গেট) পর্যন্ত কোনো

রিকশা চলাচল করবে না। ছাত্রী হল থেকে আসা রিকশাগুলো বীরপ্রতীক তারামন বিবি হলের সামনে (টারজান পয়েন্ট পর্যন্ত) থামবে।

গাড়ি পার্কিংয়ের বিষয়ে বলেন, পরীক্ষার্থীদের গাড়ি শুধু বিশ্ববিদ্যালয়ের বিশ মাইল গেট দিয়ে ঢুকবে এবং সেন ওয়ালিয়া গেট দিয়ে বেরিয়ে যাবে। বিশ্ববিদ্যালয়ের স্টিকারযুক্ত গাড়ি মীর মশাররফ হোসেন হল সংলগ্ন গেট দিয়ে প্রবেশ করবে। বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ মাঠ, রাঙামাটি পানির ট্যাংকের মাঠ, বিশ মাইল খেলার মাঠসহ জাবি স্কুলকলেজ থেকে উত্তরদিকের সেন ওয়ালিয়া পর্যন্ত অবস্থিত ফাঁকা জায়গাগুলো গাড়ি পার্কিংয়ের জন্য উন্মুক্ত থাকবে। বিশ্ববিদ্যালয়ে চলমান উন্নয়ন প্রকল্পের গাড়ি রাত আটটার পর থেকে চলতে পারবে।

এছাড়া প্রক্টর আরও বলেন, পরীক্ষাকালীন বিশ্ববিদ্যালয়ের ভেতরে কোনো অস্থায়ী দোকান বসানো যাবে না। নিষেধাজ্ঞা অমান্য করে কেউ দোকান বসালে তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাবিধি অনুসারে ব্যবস্থা নেয়া হবে। বিশ্ববিদ্যালয়ের বটতলা, প্রধান ফটক ও জয়বাংলা ফটকসংলগ্ন খাবারের দোকানগুলো মনিটরিংয়ে মনিটরিং টিম গঠন করা হয়েছে।

উল্লেখ্য, রবিবার ৯ ফেব্রুয়ারি পাঁচ শিফটে 'ডি' ইউনিটের (জীববিজ্ঞান অনুষদ) মেয়ে শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরদিন ১০ ফেব্রুয়ারি একই ইউনিটের ছেলে শিক্ষার্থীদের পরীক্ষা প্রথম চার শিফটে অনুষ্ঠিত হবে। একই তারিখে পঞ্চম শিফটে আইবিএ-জেইউর (ছেলে-মেয়ে উভয়) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১১ ফেব্রুয়ারি প্রথম দুই শিফটে 'ই' ইউনিটের (বিজনেস স্টাডিজ অনুষদ) পরীক্ষা হবে। প্রথম শিফটে মেয়ে এবং দ্বিতীয় শিফটে ছেলে শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। তৃতীয় থেকে পঞ্চম শিফট পর্যন্ত 'এ' ইউনিটের (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি) মেয়ে শিক্ষার্থীদের পরীক্ষা হবে।

এছাড়া ১২ ফেব্রুয়ারি পাঁচ শিফটে 'এ' ইউনিটে (গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি) আবেদনকারী ছেলে শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরের দিন ১৩ ফেব্রুয়ারি ছয় শিফটে 'সি' ইউনিটের অন্তর্ভুক্ত কলা ও মানবিকী অনুষদ, আইন অনুষদ এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার শেষ দিন ১৭ ফেব্রুয়ারি প্রথম শিফটে 'সি-১' ইউনিটের অন্তর্ভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগের (ছেলে-মেয়ে উভয় শিক্ষার্থী) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং পরের তিন শিফটে 'বি' ইউনিটের অন্তর্ভুক্ত সমাজবিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।